

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-১) ৬৪৮

তারিখ: ২২/১১/২০২১ বঙ্গাব্দ
১৬/০৩/২০২২ খ্রিস্টাব্দ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অক্টোবর ও নভেম্বর-২০২১ মাসে কার্যাবলির উপর অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি: ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ১২/১২/২০২১ খ্রিঃ।

সময় : বেলা ১৫.০০ ঘটিকা।

স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা "পরিশিষ্ট-ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অধিদপ্তরের সকল পরিচালক, প্রকল্প পরিচালক, উপপরিচালক (সদর দপ্তর) ও ঢাকা, অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স, সহকারী পরিচালক (সদর দপ্তর) ও ঢাকাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে আলোচ্য বিষয়ের বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১.	বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি	(ক) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর নেতৃত্ব ও নির্দেশনায় সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টায় বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমির জমি অধিগ্রহণ কার্যক্রম শতভাগ সম্পন্ন হওয়ায় সভার পক্ষ থেকে মহাপরিচালক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। (খ) জরুরিভিত্তিতে সম্ভাব্যতা যাচাইপূর্বক ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এতদবিষয়ে সম্পন্নকৃত চুক্তিনামা যথাযথভাবে বাস্তবায়নের জন্য ভিত্তি স্থপতিবৃন্দ লিমিটেড এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (গ) আগামী বুনিয়াদি প্রশিক্ষণ ফায়ার একাডেমিতে সম্পন্ন করার উপযুক্ত পরিবেশ সৃষ্টির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ) এবং (পঃ উঃ প্রঃ)
২.	মুজিববর্ষ উদ্‌যাপন	সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিববর্ষের কর্মসূচি উদ্‌যাপনে চলমান গতি অব্যাহত রেখে সমাপনী অনুষ্ঠানে গৃহীত সকল কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে কোন প্রকার শৈথিল্য গ্রহণযোগ্য হবে না।	পরিচালক (সকল)
৩.	পতাকা ও আলোকসজ্জার কার্যক্রম	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তরে সঠিক মাপের নতুন জাতীয় পতাকা তৈরীকরণ এবং প্রধান ভবনে সোজা, দৃষ্টিনন্দন ও মানসম্মত দণ্ডের উপর তা স্থাপনের বিষয়টি নিশ্চিত করতে হবে। মহান বিজয় দিবস উপলক্ষে ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ দিবাগত রাত এবং ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ দিবাগত রাতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর আওতাধীন সকল দপ্তর ও স্থাপনা আলোকসজ্জিতকরণের (লাল ও সবুজ রঙের আলো) ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (সকল)
৪.	প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি	কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে অগ্নিদুর্ঘটনা ও উদ্ধার কাজের উপর বিশেষ দক্ষতা অর্জনের নিমিত্ত বুনিয়াদি প্রশিক্ষণে ব্যবহারিক অনুশীলনের উপর বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। তাছাড়া অপারেশনাল কাজে নিয়োজিতদের নিয়মিত সাজসরঞ্জামাদির ব্যবহারবিধি অনুশীলন বৃদ্ধি করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে আধুনিক সাজ-সরঞ্জামাদির বিষয়ে নিয়মিত সতেজকরণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন, শুদ্ধাচার, সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে জনপ্রতি ন্যূনতম ৬০ ঘন্টা প্রশিক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (পঃ উঃ প্রঃ)
৫.	বিভাগীয় মামলা নিষ্পত্তি	বিভাগীয় মামলাসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক করে দ্রুততার সাথে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ন্যায় বিচার নিশ্চিতকরণের লক্ষ্যে সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও অর্থ)